গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
মাদক-১ শাখা
www.ssd.gov.bd

নং- ৫৮.০০.০০০০.০৬১.১০.০১৪.১৫ (অংশ-১)-১১৮

তারিখঃ ১৩ অগ্রহায়ণ, ১৪২৯ / ২৮ নভেম্বর, ২০২২

## প্রজ্ঞাপন

অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এ বিমানবন্দর, বন্ডেজ ওয়্যার হাউজ এবং ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজে শুল্কমুক্ত বিপণী (ডিউটি ফ্রি শপ)/শুল্কযুক্ত বিপণী (ডিউটি পেইড শপ) হিসাবে বিদেশি মদ খুচরা বিক্রয়ের নিমিত্ত লাইসেন্স প্রদান সংক্রান্ত সুনির্দিষ্ট বিধি বিধান না থাকায় উক্ত বিধিমালা সংশোধন না হওয়া পর্যন্ত দেশের বন্দরসমূহে আগমন/বহির্গমন/ট্রানজিট/শীপ স্টোর এন্ড ক্রু ও ইপিজেডে পরিচালিত কমিশারিয়েটে বিদেশি পাসপোর্টধারী/পাসবুকধারী বিদেশি প্রকর্মী বা বিদেশি নাগরিকদের মাঝে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের শুল্কমুক্ত বিপনি (ডিউটি ফ্রি শপ) এবং বাংলাদেশে অবস্থানরত বিদেশিদের জন্য (ডিউটি পেইড) লাইসেন্স প্রদানের পদ্ধতি এবং এই সংক্রান্ত আবেদন ও লাইসেন্স ফরম সংযুক্ত করা হইল:

১। **সংজ্ঞা।–**

(১) "শুল্কমুক্ত বিপনি" অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969) বা তদধীন প্রণীত বিধিমালা, আদেশ বা প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত কোনো ডিউটি ফ্রি শপ যেখানে অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ব্রান্ড রেজিস্ট্রেশন অনুযায়ী আমদানিকৃত বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয় করা যাইবে।

(২) "বিদেশি মদ (Foreign Liquor)" বলিতে বাংলাদেশে প্রস্তুত নয় এমন যে কোন ধরনের আমদানিকৃত মদ বা অ্যালকোহলকে বুঝাইবে।

২। **অ্যালকোহল আমদানি, রপ্তানি, শুল্কমুক্ত বিপনি (ডিউটি ফ্রি শপ), ডিউটি পেইড শপ ইত্যাদি।–**

(১) পর্যটন কর্পোরেশন, বার, শুল্কমুক্ত পণ্যাগারসমূহ বা শুল্কমুক্ত বিপনি (ডিউটি ফ্রি শপ) বা ইপিজেড এর বিপনী/কমিশারিয়েট (ডিউটি ফ্রি শপ) বা সরকারের নিকট হইতে বিশেষভাবে অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যতীত কোনো ব্যক্তি বাণিজ্যিক উদ্দেশ্যে বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় আমদানি করিতে পারিবেন না;

(২) দেশের বন্দরসমূহের আগমন/বহির্গমন/ট্রানজিট/শীপ স্টোর এন্ড ক্রু/ইপিজেডে পরিচালিত কমিশারিয়েটে বিদেশি পাসবুকধারী/পাসপোর্টধারী এবং বহির্গামী বাংলাদেশী পাসপোর্ট নাগরিকদের মাঝে বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় আমদানি বিক্রয়ের জন্য বিদেশি মদ শুল্কমুক্ত বিপনি (ডিউটি ফ্রি শপ) এর আলাদা লাইসেন্স গ্রহণ করিতে হইবে;

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন আগমন/বহির্গমন/ট্রানজিট/শীপ স্টোর এন্ড ক্রু/ইপিজেডে পরিচালিত কমিশারিয়েটে বিদেশি পাসবুকধারী/পাসপোর্টধারী এবং বহির্গামী বাংলাদেশী পাসপোর্ট নাগরিকদের মাঝে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয়ের জন্য নির্ধারিত ফরম অনুযায়ী শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) লাইসেন্স এর জন্য মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে;

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর অধীন প্রাপ্ত আবেদন তদন্তের জন্য মহাপরিচালক একজন তদন্তকারী কর্মকর্তা নিযুক্ত করিবেন;

(৫) উপ-অনুচ্ছেদ (৪) এ উল্লিখিত তদন্তকারী কর্মকর্তা আবেদনে বর্ণিত তথ্য ও সংশ্লিষ্ট কাগজাদি পরীক্ষা করিয়া ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে এতদ্‌সংক্রান্ত প্রতিবেদন উপপরিচালকের ক্ষেত্রে বিভাগীয় কর্মকর্তার নিকট এবং অন্য কোনো তদন্তকারী কর্মকর্তার ক্ষেত্রে উপপরিচালকের নিকট দাখিল করিবেন;

(৬) বিভাগীয় কর্মকর্তা উক্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করিয়া সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট প্রেরণ করিবেন;

(৭) মহাপরিচালক বিভাগীয় কর্মকর্তার মতামত ও সার্বিক বিষয় বিবেচনা করিয়া যুক্তিসংগত মনে করিলে আবেদনটি অনুমোদনপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালককে উক্ত লাইসেন্স প্রদানের জন্য নির্দেশনা প্রদান করিবেন; তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রদানের পূর্বে মহাপরিচালক প্রয়োজনে সরকারের অনাপত্তি গ্রহণ করিতে পারিবেন।

(৮) উপ-অনুচ্ছেদ (৭) এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী উপপরিচালক সংশ্লিষ্ট লাইসেন্স ফিস জমা প্রদানের জন্য আবেদনকারীকে অবহিত করিবেন এবং উক্ত ফিস জমাদানের ০৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত ফরম অনুযায়ী লাইসেন্স প্রদান করিবেন;

(৯) ইপিজেডে অবস্থিত কমিশারিয়েটে ইস্যুকৃত বন্ড লাইসেন্স এর অনুকূলে বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) গ্রহণ করিতে হইবে এবং লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে;

(১০) ইপিজেডে অবস্থিত কমিশারিয়েটে ইস্যুকৃত বন্ড লাইসেন্স এর অনুকূলে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয়ের নিমিত্ত খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) ইস্যুর ক্ষেত্রে অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (৪-৮) এর বিধানাবলী অনুসরণ করিতে হইবে এবং নির্ধারিত ফরমে লাইসেন্স প্রদান করিতে হইবে;

(১১) ইপিজেডে অবস্থিত কমিশারিয়েটে ইস্যুকৃত বন্ড লাইসেন্সের অনুকূলে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয়ের নিমিত্ত খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) গ্রহণ করিবার পর লাইসেন্সের অধীন কোনো কার্যক্রম অন্য কোন ব্যক্তির দ্বারা পরিচালনা করাইতে হইলে অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং অতঃপর সংশ্লিষ্ট ব্যক্তিকে দায়িত্ব প্রদানের চুক্তি সম্পাদনের পূর্বে অনাপত্তি গ্রহণ করিতে হইবে। সম্পাদিত চুক্তির মেয়াদ অতিক্রান্ত হইলে পুনরায় চুক্তির ক্ষেত্রে উপরোক্ত কার্যক্রমসমূহ সম্পাদন করিতে হইবে;

(১২) ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজের ক্ষেত্রে শুধু বিদেশি পাসপোর্টধারীদের নিকট বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের জন্য পৃথক ডিউটি পেইড লাইসেন্স গ্রহণ করিতে হইবে এবং লাইসেন্সের জন্য নির্ধারিত ফরমে মহাপরিচালক বরাবর আবেদন করিতে হইবে;

(১৩) ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজের ক্ষেত্রে শুধু বিদেশি পাসপোর্টধারীদের নিকট বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের জন্য পৃথক ডিউটি পেইড লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (৪-৮) এর বিধানাবলী অনুসরণ করিতে হইবে এবং নির্ধারিত ফরমে লাইসেন্স প্রদান করিতে হইবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বের কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৮/১১/২০২১

(মুহাম্মদ আবদুর রউফ মিয়া)
উপসচিব
ফোনঃ ২২৩৩৫৩২২৯

## ফরম

বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয়ের জন্য শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) লাইসেন্সের জন্য আবেদন
(আগমন বা বহির্গমন বা ট্রানজিট/শীপ স্টোর এন্ড ক্রু)

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
..................................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : ..................................................................

২। প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর নাম : ..................................................................

৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : ..................................................................

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : ..................................................................

৫। প্রতিষ্ঠানের ঠিকানাঃ
স্থায়ী :..................................................................
বর্তমান :..................................................................

৬। জাতীয় পরিচয় পত্র নম্বর/পাসপোর্ট নং (যদি থাকে) :
...................................................................................................

৭। অফিস ও ব্যবসা স্থানের ঠিকানা : ..................................................................

৮। আমদানি নিবন্ধন সনদপত্র নং ....................................প্রদানকারী কর্তৃপক্ষ..................................
প্রদানের স্থান.................................. তারিখ..................................................

৯। ট্রেড লাইসেন্স নং ও প্রকার : ..................................................................

প্রদানকারী কর্তৃপক্ষ : ..................................................................
মেয়াদকাল :..................................................................

১০। টিআইএন /বিআইএন : ..................................................................
সার্কেল............................................ অঞ্চল :..................................................

১১। কি কি ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করিতে ইচ্ছুকঃ ........................................

১২। বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কাহার নিকট বিক্রয় করা হইবে (আগমন বা বহির্গমন বা ট্রানজিট বা শীপ স্টোর এন্ড ক্রু) এর প্রযোজ্য অংশটুকু উল্লেখ করিতে:
হইবে)।.....................................................................................................................

১৩। প্রস্তাবিত শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) এর নীলনক্সা (কাউন্টার, বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সংরক্ষণের স্থান, ইত্যাদি চিহ্নিতসহ)ঃ

১৪। প্রস্তাবিত শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) এর ভবন ও ফ্লোর নংঃ..................................

১৫। শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) ভাড়ার চুক্তিপত্রঃ ..............................

১৬। শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) জনবলের তালিকাঃ ..............................

১৭। শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) প্রেমিসেস এর আয়তনঃ ..............................

১৮। স্বত্তাধিকারীর মোবাইল নং :..................................

১৯। শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) এর তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ....................................

২০। শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) কোন বিদেশি নাগরিক নিয়োগ প্রাপ্ত হইয়া থাকিলে তাহার নাম, ঠিকানা ও পাসপোর্ট নং ও জীবন বৃত্তান্ত: ..............................

২১। ব্যাংক স্বচ্ছলতার সনদ পত্রঃ....................................

২২। কাস্টমস বন্ড কমিশনারেট থেকে প্রদত্ত বন্ড লাইসেন্স (হালনাগাদ নবায়িত)ঃ

২৩। অন্যান্য তথ্যঃ যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতাঃ ........................

২৪। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি:

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

**আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি ও সিলমোহর**

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

## ফরম

শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) লাইসেন্স
(আগমন বা বহির্গমন বা ট্রানজিট বা শীপ স্টোর এন্ড ক্রু)
লাইসেন্স নম্বর ............................... তারিখ .................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.......................................................... তারিখঃ.................................................. এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার.............................. তারিখের........................................... আবেদনের ভিত্তিতে শুল্কমুক্ত বিপনী (ডিউটি ফ্রি শপ) (আগমন বা বহির্গমন বা ট্রানজিট বা শীপ স্টোর এন্ড ক্রু) লাইসেন্স প্রদান করা হইল :

১। লাইসেন্সপ্রাপ্ত/স্বত্বাধিকারী ব্যক্তির নামঃ

২। প্রতিষ্ঠানের নামঃ

৩। প্রতিষ্ঠানের ঠিকানা
অফিসঃ
ব্যবসা স্থানঃ

৪। জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে):

৫। টিআইএন/বিআইএন :

৬। বিক্রয়যোগ্য বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সমূহের বিবরণঃ

৭। অনুমোদিত রেজিষ্টার্ড বিক্রেতার নামঃ

৮। ট্রেড লাইসেন্স নংঃ................................................ প্রদানকারী কর্তৃপক্ষঃ..................................................

**শর্তাবলিঃ**

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২। এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স পরিবর্তন, হস্তান্তর, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫। জেলা/মেট্রো/বিশেষ জোন অফিসারের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বিক্রেতা কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ প্রদান করা যাইবে না।

৬। এই লাইসেন্সের আওতায় অফিসার/কর্মচারী হিসাবে নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭। এই লাইসেন্স গ্রহণের পর বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় এর ব্রান্ড রেজিষ্ট্রেশন লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

৮। অনুমোদিত ব্রান্ড রেজিষ্ট্রেশন অনুযায়ি বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয়ের ক্ষেত্রে অবশ্যই বোতলের গায়ে ডিউটি ফ্রি ট্যাগ লাগিয়ে বিক্রয় করতে হবে।

৯। এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয় করা যাইবে না।

১০। এই লাইসেন্সের তালিকাভুক্ত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১১। এই লাইসেন্সের আওতায় বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কোনো বোতল খুলিয়া বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১২। লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিস্টার্ড সেলসম্যান ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করিতে পারিবেন না।

১৩। একমাত্র আগমন বা বহির্গমন বা ট্রানজিট বা শীপ স্টোর এন্ড ক্রু এ অবস্থানকারী ব্যক্তি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১৪। লাইসেন্সি কর্তৃক এই লাইসেন্সের আওতায় বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৫। কোনো অবস্থাতেই এই লাইসেন্সের আওতায় খোলা বোতল, ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১৬। কোনো অবস্থাতেই ২১ বৎসর বয়সের নিম্নে কাহারও নিকট বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

১৭। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা কোনো মহিলাকে কিংবা ২১ বৎসরের নিম্ন বয়সের কোনো ব্যক্তিকে বিক্রয়কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না।

১৮। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে অনুমোদিত প্রকারে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৯। লাইসেন্স প্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনো রকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

২০। ব্রান্ড লাইসেন্সের আওতায় নির্ধারিত ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুদ, সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

২১। কোনো অবস্থাতেই লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা লাইসেন্সপ্রাপ্ত দোকানের রেজিস্টার্ড সেল্‌সম্যান এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময়ে অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশার দ্রব্য সেবন কিংবা নেশাগ্রস্ত হইতে পারিবেন না।

২২। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি প্রতিবারই এই লাইসেন্সের অধীন বিক্রয়ের উদ্দেশ্যে আমদানিকৃত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সরবরাহ পাওয়ার ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট জেলা/মেট্রো অফিসারকে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করবেন। জেলা/মেট্রো অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কোনোরূপ বিক্রয়ের কার্য নির্বাহ করিতে পারিবেন না।

২৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৪। নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৫। লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৬। এই লাইসেন্স যৌক্তিক কারণে বাতিল/সাময়িকভাবে স্থগিত করা হইলে দোকানে সংরক্ষিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় অন্য কোনো উপযুক্ত লাইসেন্সীর নিকট বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ বাতিল/সাময়িকভাবে স্থগিতকৃত লাইসেন্সের লাইসেন্সীকে ফেরত প্রদান করিতে হইবে।

২৭। প্রতি যাত্রীর নিকট শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পরিমাণ এবং অধিদপ্তরের অনুমোদিত ব্রান্ড রেজিস্ট্রেশন অনুযায়ি বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় বৈদেশিক মুদ্রায় বিক্রয় করিতে হইবে।

২৮। আইন ও বিধি মোতাবেক এই লাইসেন্স বাতিল কিংবা সাময়িকভাবে স্থগিত বা প্রত্যাহার করা হইলে তাহার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সি/প্রতিষ্ঠান কোনোরূপ ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

২৯। এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলী ব্যতীত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২২), অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর সাথে সামঞ্জস্যপূর্ণ অন্যান্য আইন, বিধির সংশ্লিষ্ট বিষয়ে যতটুকু প্রযোজ্য হইবে তাহা পালনীয় মর্মে গণ্য হইবে।

৩০। অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা শর্ত হিসাবে প্রযোজ্যে হইবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্রঃ-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

*** শুল্কমুক্ত বিপনীর (ডিউটি ফ্রি শপ) লাইসেন্স প্রদানের সময় আগমন বা বহির্গমন বা ট্রানজিট বা শীপ স্টোর এন্ড ক্রু এ অবস্থানকারী যাত্রী/ক্রুদের মধ্যে প্রযোজ্য অংশটুকু রাখিয়া বাকি অংশটুক কাটিয়া দিতে হইবে।

## ফরম

ইপিজেডে ইস্যুকৃত বন্ড লাইসেন্স এর অনুকূলে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) এর আবেদন।

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
.................................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : ..........................................................................

২। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর নাম : ...........................................................................

৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : ..........................................................................

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : ..........................................................................

৫। প্রতিষ্ঠানের ঠিকানা :
স্থায়ী :..........................................................................
বর্তমান :..........................................................................

৬। জাতীয় পরিচয় পত্র নম্বর/পাসপোর্ট নং (যদি থাকে) : ......................................................................

৭। অফিস ও ব্যবসা স্থানের ঠিকানা : ..........................................................................

৮। আমদানি নিবন্ধন সনদপত্র নং ...................................প্রদানকারী কর্তৃপক্ষ...............................

প্রদানের স্থান................................ তারিখ...........................................................

৯। ট্রেড লাইসেন্স নং ও প্রকার : ..........................................................................
প্রদানকারী কর্তৃপক্ষ : ..........................................................................
মেয়াদকাল :..........................................................................

১০। টিআইএন/বিআইএন : ..........................................................................
সার্কেল........................................... অঞ্চল :.......................................................

১১। হালানাগাদ ফায়ার লাইসেন্স নং................................ তারিখ:..............................................
প্রদানকারী কর্তৃপক্ষ........................................................
মেয়াদকাল.............................................................

১২। কি কি ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করিতে ইচ্ছুক: ..........................................

১৩। বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কাহার নিকট বিক্রয় করা হইবে)।.........................................

১৪। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) এর নীলনক্সা (কাউন্টার, মদ ও মদ জাতীয় পানীয় সংরক্ষণের স্থান, অফিস কক্ষ, ইত্যাদি চিহ্নিতসহ):

১৫। কাস্টমস কর্তৃপক্ষ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ প্রতিনিধির উপস্থিতিতে আমদানিকৃত অ্যালকোহল সংরক্ষণ, সরবরাহ ও বিক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য আলাদা অফিস রুমের ব্যবস্থা সংক্রান্ত নক্সা..................................................

১৬। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) এর ভবন ও ফ্লোর নং:

১৭। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) এর জনবলের তালিকা:

১৮। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ)) এর প্রেমিসেস এর আয়তন:

১৯। মোবাইল নং :................................................

২০। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) এ অফিসার, কর্মচারীদের তালিকা:.................

২১। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) নিযুক্ত রেজিষ্টার্ড বিক্রেতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, চারিত্রিক সনদপত্র, নিয়োগপত্র, ইত্যাদির কপি সংযুক্ত করিতে হইবে।

২২। প্রস্তাবিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) এ কোন বিদেশি নাগরিক নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে তাহার নাম, ঠিকানা ও পাসপোর্ট নং ও জীবন বৃত্তান্ত :...........................................................

২৩। ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র জমা প্রদান করিতে হইবে:....................

২৪। কাস্টমস বন্ড কমিশনারেট থেকে প্রদত্ত বন্ড লাইসেন্স (হালনাগাদ নবায়িত):

২৫। জাতীয় রাজস্ব বোর্ডের কমিশনারেট পরিচালনার অনুমতি পত্র সরবরাহ করিতে হইবে;

২৬। কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পাসবুকধারী/ পাসপোর্টধারীদের নাম ও জীবন বৃত্তান্ত...........................................

২৭। অন্যান্য তথ্য: যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন......................

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি ও সিলমোহর

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

## ফরম

ইপিজেডে ইস্যুকৃত বন্ড লাইসেন্স এর অনুকূলে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ)

লাইসেন্স নম্বর ................................ তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং.................................................... তারিখ:...................................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার................................ তারিখের............................................ আবেদনের ভিত্তিতে ইপিজেডে ইস্যুকৃত বন্ড লাইসেন্স এর অনুকূলে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) প্রদান করা হইল :

১। লাইসেন্সপ্রাপ্ত/স্বত্তাধিকারী ব্যক্তির নাম:

২। প্রতিষ্ঠানের নাম:

৩। প্রতিষ্ঠানের ঠিকানা

অফিস:

ব্যবসা স্থান:

৪। জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে):

৫। টিআইএন/বিআইএন :

৬। বিক্রয়যোগ্য বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সমূহের বিবরণ:

৭। ট্রেড লাইসেন্স নং:............................................. প্রদানকারী কর্তৃপক্ষ :..................................................

**শর্তাবলি:**

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২। এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো কার্যক্রমে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫। জেলা/মেট্রো/বিশেষ জোন অফিসারের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বিক্রেতা কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ প্রদান করা যাইবে না।

৬। এই লাইসেন্সের আওতায় নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭। এই লাইসেন্স গ্রহণের পর বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় এর ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

৮। এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয় করা যাইবে না।

৯। এই লাইসেন্সের তালিকাভুক্ত বিদেশি মদ মদ জাতীয় পানীয় মদসমূহ ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১০। এই লাইসেন্সের আওতায় বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় কোনো বোতল খুলিয়া বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১১। লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিস্টার্ড সেল্‌সম্যান ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করিতে পারিবেন না।

১২। একমাত্র কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পাসপোর্টধারী/পাসবুকধারী কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১৩। লাইসেন্সি কর্তৃক এই লাইসেন্সের আওতায় বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৪। কোনো অবস্থাতেই এই লাইসেন্সের আওতায় খোলা বোতল, ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১৫। কোনো অবস্থাতেই ২১ বৎসর বয়সের নিম্নে কাহারও নিকট বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

১৬। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা কোনো মহিলাকে কিংবা ২১ বৎসরের নিম্ন বয়সের কোনো ব্যক্তিকে বিক্রয়কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না।

১৭। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে অনুমোদিত প্রকারে বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৮। লাইসেন্স প্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনো রকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

১৯। ব্রান্ড লাইসেন্সের আওতায় নির্ধারিত ব্রান্ডের বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুদ, সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

২০। কোনো অবস্থাতেই লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা লাইসেন্সপ্রাপ্ত দোকানের রেজিস্টার্ড সেলসম্যান এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময়ে অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশার দ্রব্য সেবন কিংবা নেশাগ্রস্ত হইতে পারিবেন না।

২১। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি প্রতিবারই এই লাইসেন্সের অধীন বিক্রয়ের উদ্দেশ্যে আমদানিকৃত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সরবরাহ পাওয়ার ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট জেলা/মেট্রো অফিসারকে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করবেন। জেলা/মেট্রো অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কোনোরূপ বিক্রয়ের কার্য নির্বাহ করিতে পারিবেন না।

২২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স, তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৩। নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৪। লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে, কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্তভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৫। এই লাইসেন্স যৌক্তিক কারণে বাতিল/সাময়িকভাবে স্থগিত করা হইলে দোকানে সংরক্ষিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় অন্য কোনো উপযুক্ত লাইসেন্সীর নিকট বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ বাতিল/সাময়িকভাবে স্থগিতকৃত লাইসেন্সের লাইসেন্সীকে ফেরত প্রদান করিতে হইবে।

২৬। এই লাইসেন্স (ডিউটি ফ্রি শপ) গ্রহণ করিবার পর লাইসেন্সের অধীন কোনো কার্যক্রম অন্য কোন ব্যক্তি বা ম্যানেজিং এজেন্ট দ্বারা পরিচালনা করাইতে হইলে ইপিজেড কর্তৃপক্ষ মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বরাবর আবেদনের সময় বেপজার সাথে ম্যানেজিং এজেন্টের চুক্তিপত্র, ট্রেড লাইসেন্স, ম্যানেজিং এজেন্ট লিমিটেড কোম্পানী হইলে প্রতিষ্ঠানের মেমোরেন্ডাম অব আর্টিকেল, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন, প্রতিষ্ঠানের ব্যাংক সলভেন্সি, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয় পত্র, ছবি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা মোতাবেক পুলিশ প্রতিবেদন ইত্যাদি দাখিল করিয়া পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

২৭। লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ হইলে উহার দায়ভার লাইসেন্সী এবং থার্ড পার্টি/ম্যানেজিং পার্টনার উভয়ের ক্ষেত্রে সমভাবে প্রযোজ্য হইবে এবং মহাপরিচালক প্রয়োজনে লাইসেন্সীর সহিত থার্ড পার্টি/ম্যানেজিং পার্টনারের মধ্যে সম্পাদিত চুক্তিপত্র বাতিল করিতে পারিবেন।

২৮। শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পরিমাণ এবং অধিদপ্তরের অনুমোদিত ব্রান্ড রেজিস্ট্রেশন অনুযায়ি বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় বৈদেশিক মুদ্রায় বিক্রয় করিতে হইবে।

২৯। আইন বিধি মোতাবেক এই লাইসেন্স বাতিল কিংবা সাময়িকভাবে স্থগিত বা প্রত্যাহার করা হইলে তাহার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সি/প্রতিষ্ঠান কোনোরূপ ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

৩০। এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলী ব্যতীত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২২), অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর সাথে সামঞ্জস্যপূর্ণ অন্যান্য আইন, বিধির সংশ্লিষ্ট বিষয়ে যতটুকু প্রযোজ্য হবে তা পালনীয় মর্মে গণ্য হবে।

৩১। অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা শর্ত হিসাবে প্রযোজ্য হবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বি: দ্র:-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

## ফরম

ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের জন্য পৃথক ডিউটি পেইড লাইসেন্স এর আবেদন।

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
...............................

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম : .........................................................................

২। প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারীর নাম : .........................................................................

৩। মাতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : .........................................................................

৪। পিতার নাম (প্রযোজ্য ক্ষেত্রে) : .........................................................................

৫। প্রতিষ্ঠানের ঠিকানা :
স্থায়ী :.........................................................................
বর্তমান :.........................................................................

৬। জাতীয় পরিচয় পত্র নম্বর/পাসপোর্ট নং (যদি থাকে) : ..............................................................................

৭। অফিস ও ব্যবসা স্থানের ঠিকানা : .........................................................................

৮। আমদানি নিবন্ধন সনদপত্র নং ...................................প্রদানকারী কর্তৃপক্ষ................................
প্রদানের স্থান................................ তারিখ...........................................................

৯। ট্রেড লাইসেন্স নং ও প্রকার : .........................................................................
প্রদানকারী কর্তৃপক্ষ : .........................................................................
মেয়াদকাল :.........................................................................

১০। টিআইএন/বিআইএন: ......................................................................
সার্কেল.......................................... অঞ্চল :.................................................

১১। হালনাগাদ ফায়ার লাইসেন্স নং........................... তারিখ:................................................
প্রদানকারী কর্তৃপক্ষ.........................................................
মেয়াদকাল..........................................................................

১২। কি কি ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করিতে ইচ্ছুক: ........................................

১৩। বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কাহার নিকট বিক্রয় করা হইবে..........................................

১৪। মোবাইল নং :.........................................................................

১৫। ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজে এ অফিসার, কর্মচারীদের তালিকা:......................

১৬। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স (হালনাগাদ নবায়িত) সরবরাহ করিতে হইবে..............................

১৭। কাস্টমস বন্ড কমিশনারেট থেকে প্রদত্ত বন্ড লাইসেন্স (হালনাগাদ নবায়িত) সরবরাহ করিতে হইবে..........................

১৮। ব্যাংক স্বচ্ছলতার সনদ পত্র:...............................

১৯। অন্যান্য তথ্য: যাহা আবেদনকারী তাহার আবেদনের যৌক্তিকতা প্রমাণের জন্য সরবরাহ করিতে পারেন.........................

এই আবেদনে প্রদত্ত সকল তথ্য ও দাখিলকৃত কাগজপত্রাদি আমার জানামতে সত্য। কোনো তথ্য বা কাগজপত্র মিথ্যা বা জাল বা ভুয়া প্রমাণিত হইলে আমার আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

**আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি ও সিলমোহর**

(এই আবেদনপত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। আবেদনপত্রে পরিবেশিত তথ্যাবলির সত্যতার প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সরবরাহ করিতে হইবে। আবেদনপত্রের সঙ্গে প্রয়োজনীয় সকল তথ্যাবলি এবং প্রামাণিক কাগজপত্র না থাকিলে আবেদনপত্র অসম্পূর্ণ বিবেচনায় বাতিলযোগ্য হইবে।)

## ফরম

ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের জন্য পৃথক ডিউটি পেইড লাইসেন্স

লাইসেন্স নম্বর ................................ তারিখ ..................

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৩ নং আইন) এর ধারা ১৩ এবং অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর বিধান অনুসারে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রধান কার্যালয়ের স্মারক নং........................................................ তারিখ:...................................................... এর অনুমোদনক্রমে মহাপরিচালক/মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত অফিসার ...................................... কর্তৃক নিম্নবর্ণিত শর্তাবলি ও বর্ণনা মোতাবেক নিম্নোক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে তাহার............................... তারিখের.......................................... আবেদনের ভিত্তিতে............ ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যার হাউজের বিপরীতে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় খুচরা বিক্রয়ের জন্য পৃথক ডিউটি পেইড লাইসেন্স প্রদান করা হইল :

১। লাইসেন্সপ্রাপ্ত/ স্বত্বাধিকারী ব্যক্তির নাম:

২। প্রতিষ্ঠানের নাম:

৩। প্রতিষ্ঠানের ঠিকানা

অফিস:

ব্যবসা স্থান:

৪। জাতীয় পরিচয়পত্র নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে):

৫। টিআইএন/বিআইএন:

৬। বিক্রয়যোগ্য বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সমূহের বিবরণ:

৭। ট্রেড লাইসেন্স নং :............................................ প্রদানকারী কর্তৃপক্ষ :................................................

**শর্তাবলি:**

১। এই লাইসেন্স বাবদ প্রতি বৎসর ৩০ জুনের মধ্যে নির্ধারিত লাইসেন্স ফি অগ্রিম পরিশোধপূর্বক লাইসেন্স নবায়নের জন্য আবেদন করিতে হইবে।

২। এই লাইসেন্স ১ জুলাই হইতে ৩০ জুন পর্যন্ত বা লাইসেন্সে উল্লিখিত সময়ের জন্য বহাল থাকিবে। নবায়ন করা না হইলে ৩০ জুনের পর কার্যকারিতা রদ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। মহাপরিচালকের অনুমোদন ব্যতীত এই লাইসেন্স হস্তান্তর করা, স্থানান্তর করা কিংবা সাবলিজ প্রদান করা যাইবে না।

৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৪ ধারা প্রযোজ্য হয় এমন কোনো ব্যক্তিকে এই লাইসেন্সের কোনো ব্যক্তিকে সম্পৃক্ত করা কিংবা অফিসার/কর্মচারী হিসাবে নিয়োগ করা যাইবে না।

৫। জেলা/মেট্রো/বিশেষ জোন অফিসারের অনুমোদন ছাড়া এই লাইসেন্সের আওতায় কোনো কার্যক্রম পরিচালনার জন্য কোনো অফিসার, ম্যানেজার, বিক্রেতা কিংবা অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ প্রদান করা যাইবে না।

৬। এই লাইসেন্সের আওতায় নিয়োজিত কোনো ব্যক্তি যদি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ২০১৮, তদধীন প্রণীত বিধিমালা কিংবা লাইসেন্সের কোনো শর্ত লঙ্ঘন করেন এবং তাহাতে যদি লাইসেন্সির স্বার্থ নিহিত থাকে তাহা হইলে উক্ত শর্ত লঙ্ঘনজনিত যাবতীয় কার্যক্রমের দায়ভার লঙ্ঘনকারী ব্যক্তিসহ লাইসেন্সির উপর বর্তাইবে।

৭। এই লাইসেন্স গ্রহণের পর বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় এর ব্রান্ড রেজিস্ট্রেশন গ্রহণ করিতে হইবে।

৮। এই লাইসেন্সে বর্ণিত স্থান ব্যতীত অন্য কোনো স্থানে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় প্রচলিত শুল্ক ও কর পরিশোধ ব্যতীত খুচরা বিক্রয় করা যাইবে না।

৯। এই লাইসেন্সের তালিকাভুক্ত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১০। এই লাইসেন্সের আওতায় বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কোনো বোতল খুলিয়া বিক্রয় বা পরিবেশন করা যাইবে না।

১১। লাইসেন্সি স্বয়ং কিংবা রেজিস্টার্ড সেল্‌সম্যান ব্যতীত অন্য কেহ এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো প্রকার বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করিতে পারিবেন না।

১২। একমাত্র পাসপোর্টধারী বিদেশি কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার অধীন স্বীকৃতিপ্রাপ্ত ব্যক্তি ছাড়া অন্য কাহারো নিকট এই লাইসেন্সের আওতাভুক্ত কোনো বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১৩। লাইসেন্সি কর্তৃক এই লাইসেন্সের আওতায় বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষিত সকল বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় চুরি যাওয়া, পাচার হওয়া কিংবা অন্য কোনোভাবে বেহাত হইবার ব্যাপারে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৪। কোনো অবস্থাতেই এই লাইসেন্সের আওতায় খোলা বোতল, ভেজালযুক্ত, বিষাক্ত, নিম্নশক্তির, বিবর্ণ কিংবা অন্য কোনোভাবে পরিবর্তিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় করা যাইবে না।

১৫। কোনো অবস্থাতেই ২১ বৎসর বয়সের নিম্নে কাহারও নিকট বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় বিক্রয় বা সরবরাহ করা যাইবে না।

১৬। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনো ছোঁয়াচে রোগাক্রান্ত ব্যক্তিকে কিংবা কোনো মহিলাকে কিংবা ২১ বৎসরের নিম্ন বয়সের কোনো ব্যক্তিকে বিক্রয়কার্য পরিচালনা করিতে দেওয়া যাইবে না।

১৭। লাইসেন্সপ্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই একমাত্র লাইসেন্সে অনুমোদিত প্রকারে বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার অ্যালকোহল কিংবা বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় উৎপাদনে ব্যবহৃত হইতে পারে এমন কোনো উপাদান বা উপকরণ সংরক্ষণ করা যাইবে না।

১৮। লাইসেন্স প্রাপ্ত স্থানে কোনো অবস্থাতেই কোনোরূপ নাচ-গান কিংবা অন্য কোনো রকম বিনোদনের ব্যবস্থা করা যাইবে না।

১৯। ব্রান্ড লাইসেন্সের আওতায় নির্ধারিত ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ব্যতীত অন্য কোনো প্রকার ব্রান্ডের বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় লাইসেন্সপ্রাপ্ত স্থানে মজুদ, সংরক্ষণ বা বিক্রয় করা যাইবে না।

২০। কোনো অবস্থাতেই লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি কিংবা লাইসেন্সপ্রাপ্ত দোকানের রেজিস্টার্ড সেলসম্যান এই লাইসেন্সের অধীন কোনোরূপ কার্যক্রম পরিচালনা করিবার সময়ে অ্যালকোহল কিংবা অন্য কোনোরূপ নেশার দ্রব্য সেবন কিংবা নেশাগ্রস্ত হইতে পারিবেন না।

২১। লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি প্রতিবারই এই লাইসেন্সের অধীন বিক্রয়ের উদ্দেশ্যে আমদানিকৃত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় সরবরাহ পাওয়ার ৪৮(আটচল্লিশ) ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট জেলা/মেট্রো অফিসারকে তৎসম্পর্কে লিখিতভাবে অবহিত করবেন। জেলা/মেট্রো অফিসার কিংবা তাহার প্রতিনিধি কর্তৃক যথাযথ যাচাই ব্যতীত কোনো অবস্থাতেই বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় কোনোরূপ বিক্রয়ের কার্য নির্বাহ করিতে পারিবেন না।

২২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসারকে দিনে বা রাত্রে যে কোনো সময় এই লাইসেন্স তাহার আওতাভুক্ত প্রাঙ্গন, স্থাপনা, বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় ইত্যাদির মজুত, রেজিস্টার, হিসাবের খাতাপত্র, রিপোর্ট, ক্যাশমেমো ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন ও যাচাই করিবার কাজে লাইসেন্সি সকল প্রকার সহযোগিতা করিতে বাধ্য থাকিবেন।

২৩। নির্ধারিত ফরমে নিয়মিতভাবে এই লাইসেন্সের আওতাভুক্ত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় যাবতীয় হিসাব সংরক্ষণ করিতে হইবে।

২৪। লাইসেন্স গ্রহণকালে ব্যক্তি বা প্রতিষ্ঠান পরিবেশিত কোনো তথ্য ভুল প্রমাণিত হইলে কিংবা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ কিংবা এই লাইসেন্সের কোনো শর্তভঙ্গের ক্ষেত্রে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ১৫, ১৬ এবং ১৭ ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২৫। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ লঙ্ঘন কিংবা লাইসেন্সের শর্ত ভঙ্গের কারণে যথাযথ কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া লাইসেন্স বাতিল কিংবা অন্য কোনো আইনসঙ্গত ব্যবস্থা অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ অনুসারে গ্রহণ করা হইলে তাহার বিরুদ্ধে বিভাগীয় আপিল না করিয়া কোনো আদালতের শরণাপন্ন হওয়া যাইবে না।

২৬। এই লাইসেন্স যৌক্তিক কারণে বাতিল/সাময়িকভাবে স্থগিত করা হইলে দোকানে সংরক্ষিত বিদেশি মদ ও মদ জাতীয় পানীয় অন্য কোনো উপযুক্ত লাইসেন্সীর নিকট বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ বাতিল/সাময়িকভাবে স্থগিতকৃত লাইসেন্সের লাইসেন্সীকে ফেরত প্রদান করিতে হইবে।

২৭। আইন ও বিধি মোতাবেক এই লাইসেন্স বাতিল কিংবা সাময়িকভাবে স্থগিত বা প্রত্যাহার করা হইলে তাহার জন্য সংশ্লিষ্ট লাইসেন্সি/প্রতিষ্ঠান কোনোরূপ ক্ষতিপূরণ দাবি করিতে পারিবেন না।

২৮। বৈধ পাসপোর্টধারী বিদেশি নাগরিকগণ শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত পরিমাপের বিদেশি মদ বা মদ জাতীয় পানীয় বৈদেশিক মুদ্রায় ক্রয় করিতে হইবে।

২৯। এই লাইসেন্সে বর্ণিত শর্তাবলী ব্যতীত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ (সংশোধিত ২০২২), অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা,২০২২ এর সাথে সামঞ্জস্যপূর্ণ অন্যান্য আইন, বিধির সংশ্লিষ্ট বিষয়ে যতটুকু প্রযোজ্য হবে তা পালনীয় মর্মে গণ্য হবে।

৩০। অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা শর্ত হিসাবে প্রযোজ্য হবে।

**প্রদানকারী কর্তৃপক্ষের নামসহ স্বাক্ষর, তারিখ, পদবি ও সিলমোহর**

বিঃ দ্রঃ-এই লাইসেন্স দুই কপিতে প্রদান করা হইবে এবং গ্রহণকালে অফিস কপিতে লাইসেন্সি তাহার শর্তাবলি সম্পর্কে অবগত হইয়াছেন মর্মে স্বাক্ষর করিবেন।

** এই লাইসেন্সের উপরে বামদিকে প্রদানকারী অফিসারের অফিসের সিলমোহর, ইস্যু নম্বর, নথি নম্বর, ইত্যাদি না থাকিলে তাহা বৈধ বলিয়া গণ্য হইবে না।

নং- ৫৮.০০.০০০০.০৬১.১০.০১৪.১৫ (অংশ-১)-১১৮/১(১২)

তারিখঃ ১৩ অগ্রহায়ণ, ১৪২৯ / ২৮ নভেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১ সেগুনবাগিচা, ঢাকা।
৬। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৭। উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশন অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। **(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশপূর্বক ৫০ (পঞ্চাশ) কপি এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হইল)**

৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০। প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা। (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১১। অতিরিক্ত সচিব (মাদক অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। অফিস কপি/মাষ্টার কপি।

২৮/১২/২০২২

(মুহাম্মদ আবদুর রউফ মিয়া)
উপসচিব

F:\Admin-4 Documents\N\Madok-1\A.........Letter\061.10.014.15(part-1).docx